

সেকশন ১

জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জেলার সকল শিশু-কিশোর ও তরুণ ক্রীড়ায় উদ্বুদ্ধ হয়ে প্রশিক্ষিত মানব সম্পদে পরিণত হবে।

১.২ অভিলক্ষ্য (Mission)

জেলা ও উপজেলা পর্যায়ে শিশু-কিশোর ও তরুণদের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে ক্রীড়ার মান উন্নয়নের মাধ্যমে ক্রীড়া প্রতিভার বিকাশ এবং সুবিধাবলীর উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষিত মানব সম্পদ হিসেবে গড়ে তোলা। শিশু-কিশোর ও তরুণের ক্রীড়া প্রতিভার বিকাশ ঘটিয়ে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে খেলার সুযোগ সৃষ্টি করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি।
২. দক্ষ ক্রীড়াবিদ সৃষ্টি
৩. ক্রীড়ার মান উন্নয়নে ক্রীড়া সামগ্রী বিতরণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভাবান খেলোয়াড় সনাক্তকরণ।
২. অটিস্টিক ও স্নায়ু বিকাশকনিত সমস্যাগ্রস্থ শিশু এবং প্রতিবন্ধী শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন।
৩. প্রতিভাবান খেলোয়াড়দের দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান।
৪. ক্রীড়ার বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগিতার আয়োজন।
৫. শিক্ষা প্রতিষ্ঠান, ক্রীড়া ক্লাবের অনুকূলে বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম ও আর্থিক অনুদান প্রদান।